



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/2/2020

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

গভর্নর কুওমো এলিভেটর সুরক্ষার উন্নয়নকল্পে আইনে স্বাক্ষর করলেন

এলিভেটরের নকশা, নির্মাণ, কর্মপরিচালনা, পরিদর্শন, রক্ষণাবেক্ষণ এবং মেরামতের কাজে নিযুক্ত সকল ব্যক্তিকে নিউ ইয়র্ক স্টেট কর্তৃক লাইসেন্সপ্রাপ্ত হতে হবে

নিউ ইয়র্ক স্টেটের এলিভেটর সুরক্ষা এবং মানদণ্ডের পরামর্শদাতা বোর্ড তৈরি করলেন

গভর্নর কুওমো এলিভেটর সুরক্ষার উন্নয়নকল্পে আইনে (S.4080-C/A.4509) স্বাক্ষর করলেন নতুন আইন অনুযায়ী এলিভেটর কিংবা মানুষ পরিবহনের অন্যান্য স্বয়ংক্রিয় ব্যবস্থার নকশা, নির্মাণ, কর্মপরিচালনা, পরিদর্শন, রক্ষণাবেক্ষণ এবং মেরামতের কাজে নিযুক্ত সকল ব্যক্তিকে নিউ ইয়র্ক স্টেট কর্তৃক লাইসেন্সপ্রাপ্ত হতে হবে। এলিভেটর পরিদর্শনের সুপারিশ তৈরি করা, লাইসেন্সের শর্ত পূরণের জন্য পরীক্ষা, এবং পরিপালন ও জননিরাপত্তা নিশ্চিত করার জন্য আইন প্রয়োগে সহায়তার উদ্দেশ্যে আইনটি নিউ ইয়র্ক স্টেটের এলিভেটর সুরক্ষা ও মানদণ্ডের পরামর্শদাতা বোর্ডও তৈরি করে।

"লক্ষ লক্ষ নিউ ইয়র্কবাসী, কর্মক্ষেত্র, স্কুল এবং বাড়িতে নিরাপদে যেতে এবং আসতে এলিভেটরগুলোর উপর নির্ভর করে এবং বহু বিকলাঙ্গ নিউ ইয়র্কবাসীর জন্য এটি তাদের চলাচলের একমাত্র মাধ্যম," **গভর্নর কুওমো বলেন।** "দীর্ঘকাল ধরে অনিরাপদ এবং ত্রুটিযুক্ত এলিভেটর অপ্রয়োজনীয় আঘাত এবং এমনকি মৃত্যুর কারণ হয়ে দাঁড়িয়েছে এবং মেশিনগুলো নির্ভরযোগ্য পরিষেবা সরবরাহের জন্য সুরক্ষার প্রয়োজনীয় মানগুলো পূরণ করে কিনা তা নিশ্চিত করার উদ্দেশ্যে এই নতুন আইনটি এলিভেটরের সাথে সংশ্লিষ্ট সকল ব্যক্তির যথাযথ প্রশিক্ষণ এবং শংসাপত্রাদি নিশ্চিত করতে সহায়তা করবে।"

সিনেটর ডিয়েন জে. সাভিনো বলেন, "এলিভেটর সুরক্ষা আইনটি এলিভেটর মেকানিকদের জন্য ন্যূনতম শিক্ষা এবং প্রশিক্ষণের মানদণ্ড নির্ধারণ করার মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটের এলিভেটর সুরক্ষার রূপান্তর ঘটাবে। নিউইয়র্ক স্টেটে এদেশে সমস্ত লিফটের 10 শতাংশ রয়েছে এবং এই সাধারণ জ্ঞান আইনটি নিউ ইয়র্কবাসীকে নিরাপত্তা রক্ষা করবে। আমি গভর্নর কুওমোকে এই বিলের গুরুত্ব স্বীকৃতি এবং আইনে স্বাক্ষর করার জন্য ধন্যবাদ জানাই – দৈনিক হাজার হাজার মানুষ পরিবহন করা এলিভেটরে প্রশিক্ষিত পেশাদাররা কাজ করছে তা নিশ্চিত করা 2020-এর একটি দুর্দান্ত সূচনা।"

অ্যাসেমব্লী সদস্য মার্কস এ. ক্রেসপো বলেছেন, "আমাদের স্টেট জুড়ে এলিভেটর স্থাপন এবং মেরামতের জন্য একটি স্টেটব্যাপী লাইসেন্স, একটি অভিল্ল মানদণ্ড, এবং দায়িত্ব বৃদ্ধি করার মাধ্যমে আমরা কেবলমাত্র কর্মক্ষেত্রের নিরাপত্তা পরিস্থিতিই উন্নত করবো না, পাশাপাশি, জীবন ও জীবিকার জন্য এলিভেটর ব্যবহার করা সকল নিউ ইয়র্কবাসীর জন্য আরও বেশি নিরাপদ এবং অধিক বিশ্বাসযোগ্য পরিষেবাও নিশ্চিত করবো। সন্দেহ নেই যে এই আইন এলিভেটর স্থাপনাকারী ও মেরামত কর্মী এবং ব্যবহারকারীদের অনুরূপভাবে গুরুতর আঘাত এবং প্রাণহানি প্রতিরোধ করতে সাহায্য করবে। বিলটি অবশেষ আইনে পরিণত হওয়ায় আমি গভর্নর কুউমো, সিনেটর ডায়ান সাভিনো, শ্রমিক নেতা, শ্রমিক কমিটি, অ্যাডভোকেটস এবং শ্রমিক কমিটির কর্মী এবং সদস্যদের সাথে কাজ করতে পেরে কৃতজ্ঞ।"

অনিরাপদ এবং ত্রুটিযুক্ত লিফট এবং অন্যান্য স্বয়ংক্রিয় মানুষ চলাচলকারী পরিবহনগুলোর ব্যবহার জনসাধারণকে অনিরাপদ পরিস্থিতিতে ফেলে দেয় এবং সম্ভাব্য গুরুতর আঘাত কিংবা মৃত্যুর কারণ হতে পারে। অধিকন্তু, কিছু ঠিকাদার এবং তাদের কর্মচারীরা ভুল এবং সঠিকভাবে না জেনে যেভাবে এলিভেটর এবং অন্যান্য এমন পরিবহনের নকশা, নির্মাণ, পরিদর্শন, রক্ষণাবেক্ষণ, পরিবর্তন ও মেরামত করে তা জনসাধারণের জন্য একটি অপ্রয়োজনীয়, এবং প্রতিরোধযোগ্য, স্বাস্থ্য ও সুরক্ষা ঝুঁকি তৈরি করে। সম্প্রতি, নিউ ইয়র্ক স্টেটে এলিভেটরের ত্রুটি সংশ্লিষ্ট কারণে একাধিক মৃত্যু এবং হতাহতের ঘটনা ঘটেছে।

এই নতুন আইনটি এলিভেটর এবং মানুষ পরিবহনের অন্যান্য স্বয়ংক্রিয় ব্যবস্থার সাথে জড়িত সকল ব্যক্তিকে নিউ ইয়র্ক স্টেট কর্তৃক লাইসেন্সপ্রাপ্ত হবার বাধ্যবাধকতা সৃষ্টির মাধ্যমে জনসাধারণকে নিরাপদ রাখতে সহায়তা করবে এবং অরক্ষিত ও দুর্বলভাবে রক্ষণাবেক্ষণ করা এলিভেটরের কারণে হওয়া হতাহতের ঘটনা থেকে রক্ষা করবে। লাইসেন্স পাওয়ার জন্য এই ব্যক্তিদের প্রয়োজনীয় যোগ্যতা অর্জন করতে হবে এবং প্রশিক্ষণ ও ধারাবাহিক শিক্ষায় অংশ নিতে হবে।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)